



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৭৮

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহিদ ও আহত ব্যক্তিদের নাম তালিকাভুক্তির জন্য আবেদনের আহ্বান

রাজশাহী; ১৩ মাঘ (২৭ জানুয়ারি):

স্বাস্থ্য সেবা বিভাগের গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেলের এক গণবিজ্ঞপ্তি সূত্রে জানা যায় জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে অংশগ্রহণ করে প্রতিপক্ষের আক্রমণে যারা শহিদ বা আহত হয়েছেন তাঁদের নামের প্রথম ধাপের চূড়ান্ত তালিকা ইতোমধ্যে <https://medical-info.dghs.gov.bd/public> ওয়েব পেজে প্রকাশ করা হয়েছে।

গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে প্রতিপক্ষের আক্রমণে যারা শহিদ বা আহত হয়েছেন কিন্তু উল্লিখিত প্রথম ধাপের চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত হননি এমন ব্যক্তিদের নাম তালিকাভুক্তির জন্য আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে আবেদন আহ্বান করা হচ্ছে।

উল্লেখ্য, আবেদনের জন্য সংশ্লিষ্ট শহিদ ও আহত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, হাসপাতালে চিকিৎসা গ্রহণের প্রমাণপত্র এবং উপযুক্ত অন্যান্য কাগজপত্রাদি প্রয়োজন। সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় অথবা উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় অথবা জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন অথবা গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল এর দলনেতা বরাবর আবেদন করা যাবে।

.....

তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৭.৫০ ঘ.